Semester-IV, Bengali, General-2020

Course : LCC(2)

Teacher : P.K. Acharyya

## MODEL QUESTION ANSWER

Marks : 1×15

১. বাংলা ভাষার শব্দভান্ডারকে কয় ভাগে ভাগ করা যায় ও কী কী?

উত্তর : তিন ভাগে — i) মৌলিক বা নিজস্ব শব্দ,
ii) আগন্তুক বা কৃতঋণ শব্দ,
iii) নবগঠিত শব্দ।

২. তৎসম শব্দের উদাহরণ দাও।

উত্তর : হস্ত, মিত্র, বায়ু, সূর্য, কৃষ্ণ ইত্যাদি।

৩. অর্থ-বিস্তার-এর উদাহরণ দাও।

উত্তর : গাঙ্ > গঙ্গা > যে-কোনো নদী।
বর্ষ > বর্ষাকাল > বৎসর।

৪. সমীভবন-এর উদাহরণ দাও।

উত্তর : পদ্ম > পদ্দ, গল্প > গপ্প, মৎস্য > মচ্ছ ইত্যাদি।

৫. রাতি > রাইত > রাত — ধ্বনি পরিবর্তনের কোনায় কিরূপ পরিবর্তন।

উত্তর : ধ্বনি রূপান্তরজনিত পরিবর্তন।
উদাহরণটি অভিশ্রুতি-র।

৬. একটি ঐতিহাসিক নাটক ও একটি পৌরাণিক নাটকের উদাহরণ দাও।

উত্তর : ঐতিহাসিক নাটক — 'মেবার পতন' (১৯০৮)-দ্বিজেন্দ্রলাল রায়,
পৌরাণিক নাটক — গিরিশচন্দ্র ঘোষ - 'জনা' (১৮৯৪)।

৭. কমেডি বলতে কী বোঝায়? একটি বাংলা কমেডির উদাহরণ দাও।

উত্তর : মিলনান্তক নাটক যার পরিণতি সুখকর বা আনন্দদায়ক।
বাংলা কমেডির উদাহরণ — রবীন্দ্রনাথ ঠাকুর - 'বৈকুন্ঠের খাতা',

৮. গীতিকবিতা-র ইংরেজি প্রতিশব্দ কী? একটি বাংলা গীতিকবিতার উদাহরণ দাও।

উত্তর : Lyric Poetry

বাংলা গীতিকবিতা/সার্থক গীতিকবিতা — জয় গোস্বামী - 'মালতীবালা বালিকা বিদ্যালয়,'

৯. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় — 'বিষবৃক্ষ', 'কৃষ্ণকান্তের উইল'; রবীন্দ্রনাথ ঠাকুর — 'চোখের বালি', 'যোগাযোগ'; শরৎচন্দ্র চট্টোপাধ্যায় — 'পল্লীসমাজ', 'গৃহদাহ' — এগুলি কোন্ উপন্যাসের অন্তর্গত?

উত্তর : সামাজিক উপন্যাস।

[পরের পাতায়]

১০. প্রবন্ধ কয়প্রকার ও কী কী ? উদাহরণ দাও।
উত্তর : দুই প্রকার – i) বস্তুনিষ্ঠ / নৈর্ব্যক্তিক / বিষয়-গৌরবী প্রবন্ধ – রবীন্দ্রনাথ ঠাকুর – 'চারিত্রপূজা', বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় – 'কমলাকান্তের দপ্তর'।
ii) ব্যক্তিগত / আত্মনিষ্ঠ / আত্মগৌরবী প্রবন্ধ – প্রমথ চৌধুরী – 'নানাকথা', বুদ্ধদেব বসু – 'ক্লাইভ স্ট্রিটে চাঁদ'।

১১. 'মেঘনাদবধ কাব্যে'র প্রথম সর্গের নামকরণ কী ? কার অভিষেক ?
উত্তর : 'অভিষেক'।
রাবণ কর্তৃক মেঘনাদকে সেনাপতি পদে অভিষেক।

১২. কোন্ দেবীর বন্দনা করে মেঘনাদবধ কাব্যের প্রথম সর্গ রচিত হয়েছিল ?
উত্তর : দেবী সরস্বতী।

১৩. 'সাজে অরিন্দম ইন্দ্রজিৎ।' – 'অরিন্দম' শব্দের অর্থ কী ?
উত্তর : মেঘনাদ।

১৪. মেঘনাদবধ কাব্যের প্রথম সর্গে কোন্ উপকাহিনীর প্রসঙ্গ এসেছে ?
উত্তর : বারুণী-মুরলা।

১৫. 'গাইব মা বীররসে ভাসি মহাগীত' — কোন্ রসের কথা বলা হয়েছে?
উত্তর : করুণ।

২০২০

বাংলা – সাধারণ

সেমেস্টার – ৪

কোর্স / পেপার : LCC-2

পূর্ণমান : ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১. (ক) বাংলা ভাষার শব্দভাণ্ডারে আগন্তুক উপাদানগুলির পরিচয় দাও। ১০

অথবা,

(খ) বাংলা শব্দার্থ পরিবর্তনের বিভিন্ন ধারা সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ১০

২. (ক) মহাকাব্যের সংজ্ঞা দাও। মহাকাব্যের শ্রেণিবিভাগ করো। একটি সাহিত্যিক মহাকাব্যের পরিচয় দাও। ২+২+৬

অথবা,

(খ) ছোটগল্প বলতে কী বোঝ? ছোটগল্পের সঙ্গে উপন্যাসের তুলনামূলক আলোচনা করো। ৩+৭

৩. (ক) 'ভূতলে অতুল সভা – স্ফটিকে গঠিত' — উক্তিটিতে যে রাজসভার বর্ণনা দেওয়া হয়েছে, তা আলোচনা করো। ১০

অথবা,

(খ) রাবণের সঙ্গে চিত্রাঙ্গদার কথোপকথন আলোচনা করে চিত্রাঙ্গদা চরিত্রের তাৎপর্য আলোচনা করো। ১০

৪. (ক) উদাহরণযোগে 'স্বরসঙ্গতি' ও 'নাসিক্যীভবন'-এর পরিচয় দাও। ৫

অথবা

(খ) উদাহরণযোগে 'অর্থ-সংকোচ' ও 'অর্থ-সংক্রম'-এর পরিচয় দাও। ৫

৫. (ক) ট্র্যাজেডির সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করো। ৫

অথবা,

(খ) উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করো। ৫

৬. (ক) মেঘনাদ চরিত্রের অবদান সম্পর্কে আলোচনা করো। ৫

অথবা,

(খ) 'মেঘনাদবধ কাব্যে' বারুণী-মুরলা উপকাহিনীর প্রয়োজনীয়তা আলোচনা করো। ৫

৭. যে কোনো একটি বিষয়ে টীকা লেখো: ৫

(ক) তদ্ভব শব্দ (খ) অপিনিহিতি (গ) মেঘনাদবধ কাব্যের দেবীবন্দনা।

[পরের পাতায়]

৮. সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও : ১ X ১৫

(ক) একটি করে অর্ধ-তৎসম ও নবগঠিত শব্দের উদাহরণ দাও।

(খ) কুপন (ইংরেজি coupon) শব্দটি কোন্ ভাষা থেকে এসেছে?

(গ) 'করিয়া' শব্দের 'অপিনিহিতি' ও 'অভিশ্রুতি'-র রূপ দেখাও।

(ঘ) 'ঝি' শব্দের আদি অর্থ এবং এখনকার অর্থ লেখো।

(ঙ) স্বরভক্তি বা বিপ্রকর্ষ-এর উদাহরণ দাও।

(চ) একটি সামাজিক নাটকের উদাহরণ দাও।

(ছ) একটি ঐতিহাসিক উপন্যাসের উদাহরণ দাও।

(জ) 'একাদশী বৈরাগী', 'অভাগীর স্বর্গ' ও 'মহেশ' — কার লেখা ও কোন্ জাতীয়?

(ঝ) একটি ধ্রুপদী মহাকাব্যের উদাহরণ দাও।

(ঞ) একটি রোমান্স-এর উদাহরণ দাও।

(ট) বারুণী কে?

(ঠ) 'কহ, হে দেবি অমৃতভাষিনী' — 'অমৃতভাষিনী' শব্দের অর্থ বল।

(ড) 'হবেলয়র্ধন' শব্দের অর্থ কী?

(ঢ) 'মেঘনাদবধ কাব্যে'র শুরু ও শেষ হয়েছে কোন্ কোন্ ঘটনার মধ্যে দিয়ে?

(ণ) 'শিমুলশিম্বী' শব্দের অর্থ কী?

২০২০
বাংলা – সাধারণ
সেমেস্টার – ৪
পেপার/কোর্স – CC/GE-4
পূর্ণমান : ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১. (ক) "এই প্রেমের বহিঃপ্রকাশ খুব অভিনব। ইহা প্রেমাস্পদকে কাঠিন করতে, এমনকি মিথ্যা সাক্ষ্য দিয়া জেলে পাঠাইতে কুন্ঠিত হয় না।" — এই মন্তব্যের আলোকে রমা-রমেশের জটিল প্রেমের স্বরূপ বিচার করো। ১০

অথবা,

(খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'পল্লীসমাজ' উপন্যাসের আলোকে লেখকের সমাজচিন্তার স্বরূপ আলোচনা করো। ১০

২. (ক) "পুত্রবধূর প্রতি বিতৃষ্ণা 'ছিন্নমস্তা' গল্পের স্নেহশীলা জয়াবতীর মাতৃত্বে যে বিকৃতি ঘটিয়েছে, তীব্র নাটকীয়তা এবং তীক্ষ্ণ ইঙ্গিতময় ভাষায় তার ক্রমিক উন্মোচন গল্পটিকে রসোত্তীর্ণ করে তুলেছে।" — আলোচনা করো। ১০

অথবা,

(খ) "উপস্থিত বুদ্ধি, সংগ্রামী মেজাজ, কূটকৌশল এবং মাতৃত্ববোধে ময়নার মা বাংলা সাহিত্যে এক অপূর্ব চরিত্র" — 'হারানের নাতজামাই' গল্পের ময়নার মায়ের চরিত্র বিশ্লেষণ করে এই মন্তব্যের সার্থকতা বিচার করো। ১০

৩. (ক) "কেকারব শুনিতে মিষ্ট নহে, কিন্তু অবস্থাবিশেষে সময়বিশেষে মন তাহাকে মিষ্ট করিয়া শুনিতে পারে, মনের সেই ক্ষমতা আছে।" — কোন্ অবস্থাবিশেষের কথা এখানে বলা হয়েছে? 'মনের সেই ক্ষমতা' বলতে রবীন্দ্রনাথ কী বলতে চেয়েছেন, তা আলোচনা করো। ৫+৫

অথবা,

(খ) "আজ জাতিতে জাতিতে একত্র হচ্ছে অথচ মিলছে না। এরই বিষম বেদনায় পৃথিবী পীড়িত।" — 'শিক্ষার মিলন' প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের এই মন্তব্যটি বিচার করো। ১০

৪. (ক) 'পল্লীসমাজ' উপন্যাসে গৌণ চরিত্র হিসেবে গোবিন্দ গাঙ্গুলি চরিত্রের উপযোগিতা বিচার করো। ৫

অথবা,

(খ) 'মানুষ খাঁটি কি না চেনা যায় শুধু টাকার সম্পর্কে।' — উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

৫. (ক) 'মতিলাল পাদরী' গল্পে ভ্রমর চরিত্রটির প্রয়োজন ও যৌক্তিকতা নির্দেশ করো। ৫

অথবা,

(খ) 'ফূর্তি করবেন, হোটেল ভাড়াটি দিবেন না?' — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

৬. (ক) "কিন্তু কেবল অতীত বর্তমান নহে, প্রত্যেক মানুষের মধ্যে অতলস্পর্শ বিরহ।" — উক্তিটির তাৎপর্য কী? ৫

অথবা,

(খ) "পশ্চিমের সংস্রব হইতে বঞ্চিত হইলে ভারতবর্ষ সম্পূর্ণতা হইতে বঞ্চিত হইত।" — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

[পরের পাতায়]

৭. যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো : ৫

(ক) রমেশের পিতৃশ্রাদ্ধের দৃশ্যগুলি। (খ) 'কুকুর মারা' প্রসঙ্গ।

(গ) ন্যাশনালিজমের কুফল।

৮. সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও : ১×১৫

(ক) "ও ডালে ডালে বেড়ায় ত আমি পাতায় পাতায় ফিরি যে,"— কে কাকে কথাটি বলেছে?

(খ) "এদের দান করলে এরা বোকা মনে করে; ভালো করলে গরজ ঠাওরায়; ক্ষমা করাও মহাপাপ, ভবে— ভয়ে পেছিয়ে গেল,"— বক্তা কে? কাদের সম্পর্কে এই মন্তব্য?

(গ) "আজকের দিনটা আমার নিন্দা-সুখ্যাতির বাইরে।"— কে, কোথায় বক্তব্যটি প্রকাশ করেছে?

(ঘ) "বাঁশ নুইয়ে ফেলতে চাও তো, এই বেলা, পেকে গেলে আর হবে না — তা নিশ্চয় বলে দিচ্ছি।"— কে কার উদ্দেশ্যে এই উক্তি করেছে?

(ঙ) "আমি তো আজকের নয় ঠাকুর, সব জানি, যা করে তুমি বেড়াও সে কি বামুনের কাজ?" — বক্তা কে? কাকে বলেছে?

(চ) 'চিঠিখানা তুমি রাখ, আমার শ্বশুর পাঠিয়েছেন বাবার কাছে।'— কে কাকে চিঠি দিতে এসেছে?

(ছ) 'সে যে এমন রসিকতা জানে তা কে ভাবতে পারে।'— সে কে? সে কার সঙ্গে রসিকতা করেছিল?

(জ) 'আসলে যৌবন আমাদের লজ্জা, আমাদের যন্ত্রণা। আমি পারি না।'— কার উক্তি?

(ঝ) 'আজ এক সোনার মানুষ জন্মাইয়াছে রে।'— 'সোনার মানুষ' কে?

(ঞ) 'গাঁয়ে কি গুজব রটেছে জান?'— প্রশ্নটি কে, কাকে করেছেন?

(ট) 'কোনো ইংরেজ কবি লিখিয়াছেন, মানুষেরা এক একটি বিচ্ছিন্ন দ্বীপের মতো, পরস্পরের মধ্যে অপরিমেয় অশ্রুলবণাক্ত সমুদ্র।'— ইংরেজ কবির নাম কী? কোন্ প্রবন্ধের অংশ?

(ঠ) ম্যাক্সমুলার কে ছিলেন?

(ড) 'ভারতবর্ষের ইতিহাস কাহাদের ইতিহাস,"— কি প্রসঙ্গে উক্তিটি করা হয়েছে?

(ঢ) 'তিনি মনুষ্যত্বের ভিত্তির উপরে ভারতবর্ষে সমস্ত পৃথিবীর সঙ্গে মিলিত করিবার জন্য একদিন একাকী দাঁড়াইয়াছিলেন।'— এখানে কার কথা বলা হয়েছে?

(ণ) জয়দেব কে ছিলেন? তাঁর কাব্যের নাম কী?